

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

বিশেষ আদেশ নং-৭১/২০১৭/কাস্টমস/৩৬৪ (২৪)

৮ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ  
তারিখঃ ২৩ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ

**বিষয়:** কাস্টম হাউস বেনাপোল এর মাধ্যমে প্রতিদিন ২৪ ঘণ্টা আমদানি-রপ্তানি কার্যক্রম চালু রাখা।

ক্রমবর্ধমান আন্তর্জাতিক বাণিজ্যের সাথে তাল মিলিয়ে আমদানি-রপ্তানি পণ্যের দ্রুত খালাস তথা ট্রেড ফ্যাসিলিটেশন এর স্বার্থে কাস্টম হাউস বেনাপোল এর মাধ্যমে পরিচালিত আমদানি-রপ্তানি কার্যক্রম আগামী ১ আগস্ট, ২০১৭ খ্রিঃ তারিখ হতে সপ্তাহের প্রতিদিন ২৪ (চব্বিশ) ঘণ্টা চালু থাকবে।

২। কাস্টম হাউস, বেনাপোল ২৪ ঘণ্টা চালু রাখার স্বার্থে আমদানি-রপ্তানি পণ্যচালানের পরীক্ষণ, শুদ্ধায়ন ও খালাস কার্যক্রমসহ অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম পরিচালনার জন্য কর্মব্যস্ততা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা-কর্মচারীকে নিয়োজিত রাখতে হবে। এজন্যে উর্দ্ধতন সহকর্মীসহ সংশ্লিষ্ট সকলের সাথে পরামর্শপূর্বক কর্মকর্তা-কর্মচারীদের কৌশলগত মোতায়েন পরিকল্পনা (Strategic Deployment Plan- SDP) প্রস্তুত করে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করতে হবে।

৩। সাধারণ অফিস সময় ব্যতিত অন্যান্য সময়ে কর্মব্যস্ততা অনুযায়ী SDP এর আলোকে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীর কর্মবন্টন কমিশনার নির্ধারণ করবেন।

৪। সপ্তাহে ৭ (সাত) দিন বেনাপোল স্থল বন্দর চালু রাখার স্বার্থে এই বিষয়ে ভারতীয় কাস্টমস কর্তৃপক্ষের সাথে প্রয়োজনীয় যোগাযোগ ও সমন্বয় সাধন করতে হবে। একই সাথে পণ্যের আমদানি, শুদ্ধায়ন ও খালাস কার্যক্রমের সহিত সম্পৃক্ত বন্দর কর্তৃপক্ষ, ব্যাংক, শিপিং এজেন্ট, সিএন্ডএফ এজেন্টসহ অন্যান্য সকল অংশীজন (যেমন-বিএসটিআই, সংগনিরোধ ইত্যাদি) এর সাথে ঘনিষ্ঠ যোগাযোগ ও কার্যকর সমন্বয় সাধনের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করতে হবে।

৫। জনস্বার্থে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

তাং-২৩/০৭/২০১৭ খ্রিঃ

মোঃ লুৎফর রহমান

সদস্য (কাস্টমস নীতি)

কার্যার্থে :


কমিশনার

কাস্টম হাউস, বেনাপোল।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, কাওরান বাজার, ঢাকা। (সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার লক্ষ্যে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আদিষ্ট হয়ে সবিনয় অনুরোধ করা হলো)।
- ৫। সদস্য [সকল], জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

- ৬। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৭। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও, ঢাকা।
- ৮-১৮। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ ঢাকা(দক্ষিণ)/ ঢাকা(পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/ যশোর/কুমিল্লা/সিলেট।
- ১৯-২০। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ২১। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা (সকল বাণিজ্যিক ব্যাংককে বিষয়টি অবহিত করার লক্ষ্যে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আদিষ্ট হয়ে সবিনয় অনুরোধ করা হলো)।
- ২৩। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, চেম্বার ভবন, মতিঝিল বা/এ, ঢাকা (তাঁর ফেডারেশনভুক্ত সকল চেম্বারকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২৪। প্রেসিডেন্ট, বিজিএমইএ, বিজিএমইএ টাওয়ার, কারওয়ান বাজার, ঢাকা (তাঁর সমিতিভুক্ত সকল প্রতিষ্ঠানকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২৫। প্রেসিডেন্ট, বিকিএমইএ, সোনারতরী টাওয়ার, বাংলা মোটর, ঢাকা (তাঁর সমিতিভুক্ত সকল প্রতিষ্ঠানকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২৬। প্রেসিডেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, আশ্রাবাদ, চট্টগ্রাম (তাঁর সমিতিভুক্ত সকল স্টেকহোল্ডারকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২৭। প্রেসিডেন্ট, ফেডারেশন অব সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা (তাঁর ফেডারেশনভুক্ত সকল সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশনকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২৮। প্রেসিডেন্ট, বেনাপোল সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, বেনাপোল, যশোর। (তাঁর ফেডারেশনভুক্ত সকল সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশনকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২৯। জনাব এমএ মোমেন, জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াতে ঐ বিষয়ে একটি প্রেস বিজ্ঞপ্তি/বিজ্ঞাপন প্রকাশের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)।



মোঃ জিয়াউর রহমান খান  
দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)

ই-মেইল: [sscuspolicy@gmail.com](mailto:sscuspolicy@gmail.com)

ফোন : ৯৩৫৭৭০১।